**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 19-06-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'প্রধানমন্ত্রী বিকশিত ভারত কর্মসংস্থান যোজনার অধীনে প্রথমবার চাকরি পাওয়া ১০ লক্ষ যুবক-যুবতীর ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি বিশেষ উৎসাহবর্ধক আর্থিক সহায়তা প্রদান করেন।**

**(২) মুখ্যমন্ত্রী জানিয়েছেন, ২০২৬-২৭ শিক্ষাবর্ষ থেকে উদয়পুরে ত্রিপুরা সরকারি আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল ৬০টি আসন নিয়ে যাত্রা শুরু করবে।**

**(৩) উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের জেনারেল ম্যানেজার জানিয়েছেন, খুব শিগগিরই আগরতলা থেকে করিমগঞ্জ বৈদ্যুতিক মেমু ট্রেন পরিষেবা চালু হবে।**

**(৪) আরো একবার নেইমারকে ছাড়াই দ্বিতীয় ম্যাচে নামছে ব্রাজিল।**

****************************************

**PM VBRY :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'প্রধানমন্ত্রী বিকশিত ভারত কর্মসংস্থান যোজনার অধীনে প্রথমবার চাকরি পাওয়া ১০ লক্ষ যুবক-যুবতীর ব্যাঙ্ক অ্যাকাউন্টে আজ সরাসরি বিশেষ উৎসাহবর্ধক আর্থিক সহায়তা প্রদান করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, এই প্রকল্পের মাধ্যমে ইতিমধ্যেই দেশে প্রায় ৭০ লক্ষ নতুন কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। এটি আর্থিক সহায়তা নয়, এটি আমাদের যুবকদের পরিশ্রমের সম্মান এবং তাদের উজ্জ্বল ভবিষ্যতের প্রতি দেশের বিশ্বাসের বহিঃপ্রকাশ। তিনি আরও বলেন, এই প্রকল্প যুব সমাজ এবং বিভিন্ন শিল্প

প্রতিষ্ঠানের মধ্যে এক মজবুত সেতু হিসেবে কাজ করছে। যে সমস্ত প্রতিষ্ঠান নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি করছে, সরকার তাদেরও উৎসাহ প্রদান করছে।

#######Byte-PM######

এ উপলক্ষ্যে আগরতলা টাউন হলে আয়োজিত অনুষ্ঠানে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, প্রধানমন্ত্রী বিকশিত ভারত রোজগার যোজনা যুবাদের কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি নতুন প্রেরণা ও আত্মবিশ্বাস জাগাতে সাহায্য করবে। এই প্রকল্পের মাধ্যমে রাজ্যে প্রথমবার চাকরি পাওয়া ১০ জন এই আর্থিক সহায়তার আওতায় এসেছে। বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য, ইপিএফ আঞ্চলিক কমিশনার লিও জোসেফ মারান্ডি।

***************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ সিপাহীজলা জেলার বিশালগড়ের কৃষ্ণকিশোর নগরে জেলা ভিত্তিক 'ক্ষেত বাঁচাও অভিযান' ও প্রাকৃতিক চাষ বিষয়ে একদিনের কৃষক কর্মশালার উদ্বোধন করেন। মধুমালা এস বি স্কুল মাঠে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক সুশান্ত দেব। কর্মশালায় কৃষিমন্ত্রী বলেন, ২০৪৭ সালের মধ্যে শ্রেষ্ঠ ভারত গড়ার লক্ষ্যে 'সবকা সাথ, সবকা বিকাশ'-এর নীতি নিয়ে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন প্রধানমন্ত্রী। তিনি কৃষকদের মাটির স্বাস্থ্য রক্ষা, উৎপাদন বৃদ্ধি এবং খরচ কমাতে প্রাকৃতিক ও জৈব চাষের দিকে এগিয়ে আসার আহ্বান জানান।

************************

**DM-West :**

পশ্চিম ত্রিপুরা জেলাশাসক তথা সমাহর্তা ডঃ বিশাল কুমার আজ জিরানিয়া মহকুমার অন্তর্গত জিরানিয়া আর ডি ব্লক স্থিত বিভিন্ন স্থান পরিদর্শন করেন। পরিদর্শন কালে তিনি বিদ্যালয়, অঙ্গনওয়াড়ি কেন্দ্র থেকে আয়ুষ্মান

আরোগ্য মন্দির স্বাস্থ্য উপকেন্দ্র সহ একাধিক স্থানের পর্যবেক্ষণ করেন। জেলাশাসক বিভিন্ন চলমান উন্নয়নমূলক কাজের অগ্রগতি খতিয়ে দেখেন এবং সংশ্লিষ্ট অধিকারিকদের পরিষেবার গুণমান বজায় রেখে নির্দিষ্ট সময়ে কাজ শেষ করার নির্দেশ দেন।

***************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, ২০২৬-২৭ শিক্ষাবর্ষ থেকে উদয়পুরে ত্রিপুরা সরকারি আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল ৬০টি আসন নিয়ে যাত্রা শুরু করবে। ভারত সরকারের আয়ুষ মন্ত্রকের অধীনস্থ ন্যাশনাল কমিশন ফর ইন্ডিয়ান সিস্টেম অফ মেডিসিন ৬০টি আসন নিয়ে এই কলেজটি শুরু করার জন্য রাজ্য সরকারের আবেদন অনুমোদন করেছে। সামাজিক মাধ্যমে মুখ্যমন্ত্রী বলেন, এরফলে ত্রিপুরার উচ্চাকাঙ্ক্ষী শিক্ষার্থীদের জন্য নতুন সুযোগ তৈরি হবে এবং রাজ্যে জনগণের জন্য স্বাস্থ্য পরিষেবাও উন্নত হবে।

*******************************

**Stop Diarrhoea Campaign :**

ঊনকোটি জেলায় আজ থেকে "স্টপ ডায়েরিয়া ক্যাম্পেইন-২০২৬" শুরু হয়েছে। তা চলবে আগামী ৩১শে জুলাই পর্যন্ত। স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে কৈলাশহর সার্কিট হাউসে এই কর্মসূচির উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ।

***************************

**NDPS-Training :**

এনডিপিএস মামলায় তদন্তে পুলিশের সাব-ইন্সপেক্টরদের দক্ষতা বৃদ্ধি ও পেশাদার পুলিশী ব্যবস্থাকে আরও শক্তিশালী করতে আজ দক্ষিন জেলা পুলিশ সুপারের কার্যালয়ে একদিনের প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ

কর্মসূচিতে এনডিপিএস মামলার কার্যকর তদন্তের জন্য অনুসরণীয় সর্বোত্তম পদ্ধতি, আধুনিক তদন্ত কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করেন জেলা পুলিশ সুপার মৌর্য কৃষ্ণ চন্দ্রশেখর, অতিরিক্ত পুলিশ সুপার সুমন মজুমদার প্রমুখ।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**G.M.-NFR :**

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব জানিয়েছেন, খুব শিগগিরই আগরতলা থেকে করিমগঞ্জ বৈদ্যুতিক মেমু ট্রেন পরিষেবা চালু হবে। ভারতীয় রেলওয়ের আধুনিক এই কোচ যাত্রী স্বাচ্ছন্দ্যময় ও যাত্রী ধারন ক্ষমতাও বেশি। আজ আগরতলা রেলস্টেশনে সাংবাদিক সম্মেলনে তিনি একথা জানান। তিনি জানান, অমৃত ভারত প্রকল্পে আগরতলা রেল স্টেশন নবরূপে সেজে উঠছে। ২০২৭ সালের মার্চ মাসের মধ্যে এই কাজ শেষ হবে। নতুন ষ্টেশনে সব ধরনের আধুনিক

ব্যবস্থা থাকবে। বিশ্বমানের এই ষ্টেশনে যাত্রী সাধারণের থাকার জন্য সুব্যাবস্থা থাকবে। রেল স্টেশনে প্ল্যাটফর্মের সংখ্যা বাড়ানো হবে। অমৃত ভারত যোজনায় উদয়পুর ও কুমারঘাট রেল স্টেশন আধুনিকীকরণের কাজও এবছর সেপ্টেম্বরে শেষ হবে বলে জানিয়েছেন তিনি। জিএম শ্রীবাস্তবের সঙ্গে এন এফ রেলওয়ের লামডিং বিভাগের ডিআরএম, সমীর লোহানীও উপস্থিত ছিলেন।

***************************

**CPIM Press :**

আগরতলার সিপিআইএম রাজ্য কমিটির দু'দিনব্যাপী বৈঠক আজ শেষ হয়েছে। দুদিনের বৈঠক শেষে আগরতলায় দশরথ দেব ভবনে সাংবাদিক সম্মেলনে সিপিআইএম সর্বভারতীয় সাধারণ সম্পাদক এম এ বেবি দেশের বিদেশনীতির সমালোচনা করে বলেন, সরকার পুঁজিপতিদের স্বার্থে কাজ করছে। গোটা দেশে বাম গণতান্ত্রিক শক্তিকে ঐক্যবদ্ধ করতে সিপিআইএম কাজ করবে। শ্রী বেবি আরও বলেন, দুদিনের সম্মেলনে বেকারত্ব ও মূল্য বৃদ্ধি নিয়ে আলোচনা হয়েছে। সাংবাদিক সম্মেলনে সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী বলেন, দুদিনের বৈঠকে এডিসি এলাকায় সিপিআইএমের সাংগঠনিক শক্তি নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। আসন্ন ভিলেজ কমিটি নির্বাচনকে সামনে রেখে দলের কৌশল নিয়েও আলোচনা হয়। শ্রী চৌধুরী বলেন, গ্রাম ত্রিপুরায় অর্থনৈতিক সংকট এবং মূল্যবৃদ্ধির প্রতিবাদে আগামী জুলাই মাসের প্রথম সপ্তাহে সিপিআইএম জেলাশাসকদের কাছে ডেপুটেশন প্রদান করবে। তাছাড়া সিপিআইএম ১০ই আগষ্ট শ্রম কোডের প্রতিবাদে আইন অমান্য আন্দোলন করবে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন, সিপিআইএম পলিটব্যুরো সদস্য মহম্মদ সেলিম, রাজ্য বামফ্রন্ট আহবায়ক মানিক দে প্রমুখ।

***************************

**Children Drama :**

তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে "ভীষ্মদেব স্মৃতি শিশু নাটক প্রতিযোগিতা" অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। প্রতিযোগিতায় পাঁচটি স্কুল ও ২টি সংস্থা থেকে শিশু নাট্যদল অংশ নেয়।

*************************

**Voice Over-12 years of NDA Govt.:**

ভারতের সমৃদ্ধ ঐতিহ্য ও সংস্কৃতিকে বিশ্বমঞ্চে তুলে ধরতে বিগত ১২ বছরে একাধিক গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন এনডিএ সরকার। ইতিবাচক পরিবর্তন এসেছে ঐতিহ্যপূর্ণ স্থান এবং ধর্মীয় ঠিকানার পরিকাঠামোতে। একটি প্রতিবেদন।

#######VC######

****************************

**FIFA World Cup :**

২০২৬ ফুটবল বিশ্বকাপের সর্বশেষ ম্যাচে মেক্সিকো ১-০ গোলে পরাজিত করেছে দক্ষিণ কোরিয়াকে।

ভারতীয় সময় আজ রাত সাড়ে বারোটায় গ্রুপ 'ডি'-এর দুই জয়ী দল মার্কিন যুক্তরাষ্ট্র ও অস্ট্রেলিয়া মুখোমুখি হবে গুরুত্বপূর্ণ এক লড়াইয়ে। উল্লেখ্য, প্রথম ম্যাচে প্যারাগুয়েকে ৪-১ গোলে হারিয়েছিল আয়োজক যুক্তরাষ্ট্র, আর তুরস্ককে ২-০ গোলে পরাজিত করে আত্মবিশ্বাসে উজ্জ্বল অস্ট্রেলিয়া। এরপর আগামীকাল ভোর সাড়ে তিনটেয় স্কটল্যান্ড খেলবে মরক্কোর বিরুদ্ধে। আর আগামীকাল সকাল ৬টায় ব্রাজিলের প্রতিপক্ষ হাইতি।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৮  ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমান ৩.৪ মিলিমিটার।

****************************